



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

॥ প্রেস বিজ্ঞপ্তি ॥

কওমী সনদের স্বীকৃতির পর

আগামীকাল এক সাথে ১ হাজার ১০ জন কওমী আলেম
সরকারী চাকুরিতে যোগদান করবেন

ঢাকা, ০৪ মার্চ ২০১৮, রবিবার ॥

কওমী সনদের সরকারী স্বীকৃতির পর আগামীকাল (৫ মার্চ) সোমবার সকাল ১০.০০ এক সাথে ১ হাজার ১০ জন কওমী আলেম সরকারী চাকুরিতে যোগদান করবেন। ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৬ষ্ঠ পর্যায়) প্রকল্পের দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসায় কওমী নেসাবের শিক্ষক হিসেবে তারা যোগদান করবেন। বাংলাদেশের ইতিহাসে একসাথে এত কওমী আলেমের সরকারী চাকুরিতে যোগদানের ঘটনা এটাই প্রথম।

যোগদান শেষে সকল শিক্ষকের জন্য ৩ দিনব্যাপি ওরিয়েন্টেশন প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে। আগামীকাল বেলা ২.৩০ টায় বায়তুল মুকাররম জাতীয় মসজিদের পূর্ব সাহানে উক্ত কর্মশালার উদ্বোধন করবেন ধর্মমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান। প্রধান আলোচক হিসেবে উপস্থিত থাকবেন বজলুল হক হারুন এমপি, সভাপতি, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন পাবর্ত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি র. আ. ম. উবায়দুল মোকতাদির চৌধুরী এমপি, ধর্মসচিব মোঃ আনিছুর রহমান, বাংলাদেশ আওয়ামীলীগের ধর্ম বিষয়ক সম্পাদক এডভোকেট শেখ মোহাম্মদ আবদুল্লাহ ও ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নরস এর গভর্নর মিছবাহুর রহমান চৌধুরী। সভাপতিত্ব করবেন ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক সামীম মোহাম্মদ আফজাল।

(মুহাম্মদ নিজাম উদ্দিন)

সহকারী পরিচালক, জনসংযোগ

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৭২০০৪০৪৩২